গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা
www.mofl.gov.bd

বিষয়: 'জাতীয় শোক দিবস- ২০২৩' পালন উপলক্ষ্যে আয়োজিত সভার কার্যবিবরণী:

| | | |
|---|---|---|
| সভাপতি | : | ড. নাহিদ রশীদ<br>সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় |
| তারিখ | : | ১০/০৭/২০২৩ |
| সময় | : | দুপুর ১২.০০ ঘটিকা |
| স্থান | : | এ মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ |

সভাপতি উপস্থিত ও ভার্চুয়ালি জুম প্লাটফর্মে যুক্ত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৮তম শাহাদাত বার্ষিকী ও জাতীয় শোক দিবস যথাযথ মর্যাদা ও ভাবগম্ভীর পরিবেশে পালনের জন্য সভাপতি সকলকে আহবান জানান। অত:পর তিনি মন্ত্রিপরিষদ বিভাগ হতে প্রাপ্ত আন্ত:মন্ত্রণালয় সভার কার্যবিবরণীতে এ মন্ত্রণালয় সংশ্লিষ্ট সিদ্ধান্তসমূহ সভায় উপস্থাপনের জন্য উপসচিব (প্রশাসন-১) কে অনুরোধ করেন। উপসচিব (প্রশাসন-১) এ মন্ত্রণালয় সংশ্লিষ্ট সিদ্ধান্তসমূহ ধারাবাহিকভাবে সভায় উপস্থাপন করেন। উপস্থাপিত প্রতিটি বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয় এবং আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

ক) জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৮তম শাহাদাত বার্ষিকী ও জাতীয় শোক দিবস উপলক্ষ্যে ১৫ আগস্ট ২০২৩ রোজ মঙ্গলবার মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থা ও দপ্তর/সংস্থার মাঠ পর্যায়ের ভবন/অফিসসমূহে জাতীয় পতাকা অর্ধনমিত থাকবে। এক্ষেত্রে মানসম্মত কাপড়ে নির্ধারিত মাপ ও রংয়ের পতাকা ব্যবহার করতে হবে।

খ) জেলা ও উপজেলা প্রশাসন কর্তৃক আয়োজিত অনুষ্ঠানসমূহে এ মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থার মাঠ পর্যায়ের কর্মকর্তাদের উপস্থিতি নিশ্চিত করতে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করতে হবে।

গ) প্রতিবারের ন্যায় এবারও ধানমন্ডিস্থ বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর প্রাঙ্গণে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণের নিমিত্ত সকাল ০৭:৩০ ঘটিকায় মন্ত্রণালয় ও ঢাকাস্থ দপ্তর/সংস্থার কর্মকর্তাদের কলাবাগানস্থ লার্ক ফার্মার নিকট সমবেত হওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।

ঘ) জাতীয় শোক দিবস উপলক্ষ্যে ''আলোচনা সভা ও দোয়া মাহফিল'' সকাল ১০:৩০ ঘটিকায় মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকায় অনুষ্ঠানের সিদ্ধান্ত গৃহীত হয়।

ঙ) মন্ত্রণালয়ের আওতাধীন যে সকল দপ্তর/সংস্থার নিজস্ব মসজিদ বা উপাসনালয় রয়েছে সেখানে সুবিধাজনক সময়ে বিশেষ মোনাজাত/প্রার্থনার আয়োজন করতে হবে;

চ) দপ্তর/সংস্থাসমূহ জাতীয় শোক দিবসের সঙ্গে সঙ্গতিপূর্ণ যে কোন কর্মসূচি পালন করতে পারবে;

ছ) মন্ত্রণালয়/বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থার সকল কর্মকর্তা/কর্মচারীকে ০১ আগস্ট ২০২৩ হতে কালো ব্যাচ ধারণ করতে হবে।

আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(ড. নাহিদ রশীদ)
সচিব
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।

F:\Habib\APA-minutes.doc

প্রশাসন-১ শাখা
www.fisheries.gov.bd

স্মারক নম্বর: ৩৩.০২.০০০০.১০২.৫৪.০০১.২২.৫২৭ তারিখ: ১৫ শ্রাবণ ১৪৩০
৩০ জুলাই ২০২৩

**সদয় জ্ঞাতার্থে ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত** মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের ২৫-০৭-২০২৩ খ্রি. তারিখের ৩৩.০০.০০০০.১৪৬.২৩.০০৬.২১.২২৪ সংখ্যক পত্রের **জাতীয় শোক দিবস ২০২৩ পালন উপলক্ষ্যে অনুষ্ঠিত প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী** সংক্রান্ত পৃষ্ঠাংকন কপি নির্দেশক্রমে মাঠ পর্যায়ের সংশ্লিষ্ট সকল দপ্তরে প্রেরণ করা হলো।

কার্যার্থেঃ

| | |
|---|---|
| ১। | অতিরিক্ত মহাপরিচালক/পরিচালক (অভ্যন্তরীণ মৎস্য)/ পরিচালক (রিজার্ভ)/মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা/পরিচালক(সামুদ্রিক), সামুদ্রিক মৎস্য অধিদপ্তর, আগ্রাবাদ, চট্টগ্রাম/ পরিচালক, মৎস্য প্রশিক্ষণ একাডেমী, সাভার, ঢাকা/ প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, মৎস্য পরিকল্পনা ও জরিপ/মৎস্য পরিদর্শন ও মাননিয়ন্ত্রণ, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা/ প্রকল্প পরিচালক, বাঁওড় মৎস্য উন্নয়ন প্রকল্প (রাজস্ব), আরবপুর, যশোর (সদয় অবগতির জন্য)। |
| ২। | উপপরিচালক প্রশাসন/ফিল্ড সার্ভিস/মৎস্যচাষ/অর্থ ও পরিকল্পনা/চিংড়ি)/(রিজার্ভ),মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা/উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, ঢাকা বিভাগ, ঢাকা/ রাজশাহী বিভাগ, রাজশাহী/ খুলনা বিভাগ, খুলনা/ চট্টগ্রাম বিভাগ, কুমিল্লা/ বরিশাল বিভাগ, বরিশাল/ সিলেট বিভাগ, সিলেট/ রংপুর বিভাগ, রংপুর/ ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ/ মৎস্য পরিদর্শন ও মাননিয়ন্ত্রণ, ঢাকা/ খুলনা/ চট্টগ্রাম/ অধ্যক্ষ, মৎস্য প্রশিক্ষণ ইনস্টিটিউট, চাঁদপুর/ কোয়ালিটি অ্যাসুরেন্স ম্যানেজার, কোয়ালিটি কন্ট্রোল ল্যাব, মৎস্য পরিদর্শন ও মাননিয়ন্ত্রণ, ঢাকা/ খুলনা/ চট্টগ্রাম/ প্রিন্সিপাল, মৎস্য ডিপ্লোমা ইনস্টিটিউট, চাঁদপুর/গোপালগঞ্জ/সিরাজগঞ্জ/কিশোরগঞ্জ/ /তত্ত্বাবধায়ক প্রকৌশলী, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা/উপপরিচালক (সামুদ্রিক), সামুদ্রিক মৎস্য দপ্তর, আগ্রাবাদ, চট্টগ্রাম/প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, সামুদ্রিক মৎস্য জরিপ ব্যবস্থাপনা ইউনিট, আগ্রাবাদ, চট্টগ্রাম। |
| ৩। | প্রকল্প পরিচালক/পরিচালক......................। |
| ৪। | সচিব মহোদয়ের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য) |
| ৫। | জেলা মৎস্য কর্মকর্তা, ................/ আঞ্চলিক মৎস্য কর্মকর্তা/সিনিয়র সহকারী পরিচালক......। |
| ৬। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, ------------------------/সহকারী পরিচালক/অধ্যক্ষ/ ফিশারিজ কোয়ারেন্টাইন অফিসার/ বাঁওড় ম্যানেজার/অধ্যক্ষ/ নির্বাহী প্রকৌশলী ----------------------------- |
| ৭। | প্রোগ্রামার, আইসিটি শাখা, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা (বর্ণিত বিষয়টি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)। |
| ৮। | উপজেলা মৎস্য কর্মকর্তা/খামার ব্যবস্থাপক/হ্যাচারি কর্মকর্তা/ মৎস্য সম্প্রসারণ কর্মকর্তা/ পরিদর্শক/ মাইক্রোবায়োলজিষ্ট/ বৈজ্ঞানিক কর্মকর্তা/বায়োকেমিষ্ট/ লাইব্রেরিয়ান/ মৎস্য কর্মকর্তা/ সহকারী প্রকৌশলী--------- --------------------------------------------------------------------------------------- |
| ৯। | জনাব -----------------------------------------------------------------------------------------। |

৩০-৭-২০২৩
ড. মো: আবদুর রউফ

উপপরিচালক
ফোন: ০২-২২৩৩৮৯৩৫৫
ফ্যাক্স: -
ইমেইল:
ddadmin@fisheries.gov.bd